



স্মারক নং- চীফ মনি/এ-৩৫/১৩৬০

তারিখ : ১০/০৫/২০১৮ খ্রিঃ

সর্বশেষ তাগিদ পত্র

বরাবর

- ১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর।
- ২। প্রকল্প পরিচালক, CEIP/ IMIP/ ECRP/ FRERMIP/ Hoar Flood Management and Livelihood Improvement Project (BWDB part)/Blue & Gold Program, বাপাউবো, ঢাকা।


বিষয় : ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে ইতোপূর্বে মন্ত্রিপরিষদ কর্তৃক পরিপত্র, বাৎসরিক ক্যালেন্ডার, নির্দেশিকাসহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের নিমিত্তে ছক-ক গত ১৮/০৩/২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে গত ২৩/০৪/২০১৮ তারিখে (১২৯১ নং স্মারকে) সকল প্রধান প্রকৌশলী, সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সকল নির্বাহী প্রকৌশলীকে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া দাখিলের জন্য তাগিদ দেয়া হয়েছিল। যা অদ্যাবধি অত্র দপ্তরে পাওয়া যায়নি।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরবরাহকৃত ক্যালেন্ডারে উল্লেখিত তারিখে সকল চুক্তি স্বাক্ষরের নিমিত্তে আগামী ৭ (সাত) দিনের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রেরণের জন্য সর্বশেষ তাগিদ প্রদান করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রেরণে ব্যর্থ হলে তার বিরুদ্ধে চাকুরী বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(কাজী তোফায়েল হোসেন)
চীফ মনিটরিং
বাপাউবো, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। অতিঃ মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ২। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা (তাকে নোটিসটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল)